

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
ঈশ্বরদী, পাবনা

স্মারক নং ১৩.০১.৭৬৩৯.০০১.১৮.০০৩.২৪. ৪৮

তারিখ: ২৮/০১/২০২৬খ্রি.

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচির বর্ধিত উপকারভোগীর তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৪/০১/২০২৬ খ্রি. এর ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.১৭.১০ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ঈশ্বরদী উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচিতে ৩০০(তিনশত) জন নতুন উপকারভোগীর সংখ্যা বর্ধিত করা হয়েছে। সে প্রেক্ষিতে নিয়োক্ত ইউনিয়নভিত্তিক বিভাজন অনুযায়ী নতুনভাবে অন্তর্ভুক্তির জন্য খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ অনুসারে নতুন উপকারভোগী যাচাই-বাছাই পূর্বক তালিকা প্রণয়ন করে হার্ড কপি ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির কার্যপত্রসহ সফট কপি ইউনিকোড নিকস ফন্ট ব্যবহার করে মাইক্রোসফট এক্সেলে আগামী ০২/০২/২০২৬খ্রি. তারিখের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঈশ্বরদী, পাবনা বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	বর্তমান উপকারভোগীর সংখ্যা	নতুন বর্ধিত উপকারভোগীর সংখ্যা
০১	সাঁড়া	১২৮০	৩২
০২	পাকশী	১৭৮৫	৪৪
০৩	মুলাডুলি	১৮৯৪	৪৭
০৪	দাশুড়িয়া	১৪৮৪	৩৭
০৫	সলিমপুর	২৩৮২	৫৮
০৬	সাহাপুর	২১৯৪	৫৪
০৭	লক্ষীকুন্ডা	১১৩৯	২৮
		১২২৪৮	৩০০

খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪ এর ৩.৬ অনুচ্ছেদ অনুযায়ী

যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে:

ক) গ্রামে বসবাসরত সবচেয়ে হতদরিদ্র পরিবার: নিম্ন আয়ের মানুষ, ভূমিহীন, কৃষি শ্রমিক, দিনমজুর, উপার্জনে অক্ষম;

খ) বিধবা/তালকপ্রাপ্তা/স্বামী পরিত্যক্তা/অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার এবং যে সব দুঃস্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধি রয়েছে তারা অগ্রাধিকার পাবে।

যাদের অন্তর্ভুক্ত করা যাবে না:

ক) একই পরিবারে একাধিক ব্যক্তিকে তালিকাভুক্ত করা যাবে না;

খ) ভিডলিউবি কর্মসূচির সুবিধাপ্রাপ্তদেরকে তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।

সংযুক্তঃ নমুনা ছক ০১ (এক) পাতা

চেয়ারম্যান/প্রশাসক (সকল)----- ইউনিয়ন পরিষদ, ঈশ্বরদী, পাবনা

প্রশাসনিক কর্মকর্তা (সকল)----- ইউনিয়ন পরিষদ, ঈশ্বরদী, পাবনা

মোঃ আরিফুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার  
ঈশ্বরদী, পাবনা  
ও  
সভাপতি  
উপজেলা খাদ্যবান্ধব কমিটি  
ঈশ্বরদী, পাবনা

স্মারক নং ১৩.০১.৭৬৩৯.০০১.১৮.০০৩.২৪.

তারিখ: ২৮/০১/২০২৬খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, পাবনা
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা
- ৪। উপজেলা কৃষি কর্মকর্তা, সদস্য, খাদ্যবান্ধব কর্মসূচি কমিটি, ঈশ্বরদী, পাবনা
- ৫। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সদস্য, খাদ্যবান্ধব কর্মসূচি কমিটি, ঈশ্বরদী, পাবনা
- ৬। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সদস্য, খাদ্যবান্ধব কর্মসূচি কমিটি, ঈশ্বরদী, পাবনা
- ৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা, সদস্য, খাদ্যবান্ধব কর্মসূচি কমিটি, ঈশ্বরদী, পাবনা
- ৮। সভাপতি প্রেস ক্লাব, সদস্য, খাদ্যবান্ধব কর্মসূচি কমিটি, ঈশ্বরদী, পাবনা
- ৯। অফিস কপি

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
ঈশ্বরদী, পাবনা  
ও  
সদস্য সচিব  
উপজেলা খাদ্যবান্ধব কমিটি  
ঈশ্বরদী, পাবনা